যদি এমন সিদ্ধান্ত হয় যে শিশু উল্লেখযোগ্য ঝুঁকির মধ্যে নেই সেক্ষেত্রে শিশু ও তার পরিবারকে কিছু সহায়তা দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত হতে পারে এবং আলোচনা শেষ হবে।
যদি এমন সিদ্ধান্ত হয়ে যে শিশু একটি চলমান উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকির মধ্যে আছে সেক্ষেত্রে একটি শিশু সুরক্ষা পরিকল্পনা রুপায়ণ করা হবে এবং তাতে সম্মত হতে হবে। এ ক্ষেত্রে শিশুর নাম 'চাইল্ড প্রোটেকশন নোটিফিকেশন সিস্টেম' (CPNS)-এ অন্তর্ভুক্ত করা হবে। শিশু সুরক্ষা পরিকল্পনা রুপায়ণ ও CPNS এ শিশুর নামের অন্তর্ভুক্তির সিদ্ধান্তটি খুবই গুরুত্বপূর্ণ এবং এটি তখনই নেওয়া হয় যখন পরিষ্কার ইংগিত থাকে যে শিশু বাবা-মা'এর কোন একজন বা উভয়ের থেকে অবহেলা বা দুর্ব্যবহার পাওয়ার কারণে উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকির মধ্যে আছে।

শিশু সুরক্ষা পরিকল্পনা কি?

এই পরিকল্পনার উদ্দেশ্য হচ্ছে শিশু যে ক্ষতি থেকে নিরাপদ আছে সেটি নিশ্চিত করতে তাকে ও তার বাবা-মাকে প্রয়োজনীয় সহায়তা দেওয়া এবং শিশুর ঝুঁকির মাত্রা কমানো। এটা বিভিন্ন ভাবে সম্ভব হতে পারে। বাবা-মা শিশু প্রতিপালন ক্লাস অথবা কোনা ধরণের পরামর্শ বিষয়ক সার্ভিসে অংশ নিতে পারেন অথবা তাদের শিশুকে এপয়নমেন্টে নিতে যেতে পারেন বা পেশাদার কাউকে বাড়িতে শিশুর সহায়তায় নিয়ে আসতে পারেন। আমাদের উদ্দেশ্য হচ্ছে বাবা-মা ও শিশুদেরকে পরিকল্পনা রুপায়ণকে ঘিরে সিদ্ধান্ত গ্রহণের কাজে অন্তর্ভুক্ত করা। চূড়ান্ত পরিকল্পনার একটি কপি কনফারেন্সের পর বাবা-মায়েদের কাছে পাঠানো হবে এবং মুখ্য কর্মী হিসেবে একজন সোশ্যাল ওয়ার্কার বা সমাজকর্মীর নাম জানানো হবে যিনি নিশ্চিত করবেন যে পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে।

শিশু সুরক্ষা প্রজ্ঞাপন পদ্ধতি (CPNS) কি?

CPNS সেই সব শিশুর নামের রেকর্ড সংরক্ষণ করে যাদের ক্ষেত্রে শিশু সুরক্ষা কনফারেন্সে শিশু সুরক্ষা পরিকল্পনার বিষয়ে সম্মতি পাওয়া গিয়েছে। শুধুমাত্র গার্দা অথবা চিকিৎসকদের মতো স্বল্প সংখ্যক লোক এই CPNS জানার অধিকার সংরক্ষণ করে যাদেরকে শিশুর নিরাপত্তার বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে হতে পারে।

আমরা এই CPNS জানার বিষয়টি কঠোরভাবে নিয়ন্ত্রণ করে থাকি এবং তাদেরকেই এখানে প্রবেশাধিকার দেই যাদের এ বিষয়ে তথ্য খোঁজার যথেষ্ট ভালো কারণ আছে। শিশুর নাম 'সক্রিয়' অথবা 'নিষ্ক্রিয়' দুই ভাবে লিপিবদ্ধ থাকে।

- 'একটিভ' বা সক্রিয় অর্থ হচ্ছে তারা এখন শিশু সুরক্ষা পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে এবং সিদ্ধান্তটি এই যে শিশু এখন উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকির মধ্যে আছে এবং নিরাপদে ও ভালোভাবে থাকার জন্য তাদের সাহায্যের প্রয়োজন।
- 'ইনএকটিভ' বা নিষ্ক্রিয় অর্থ শিশু আগে উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকির মধ্যে ছিলো এবং অতীতে তাদের ক্ষেত্রে 'শিশু সুরক্ষা পরিকল্পনা' ছিলো। নিরাপদে ও ভালোভাবে থাকার জন্য এসব শিশুর সহায়তার দরকার হতে পারে।
- ১৮ বছরে উপনীত হওয়ার সংগে সংগেই একজন শিশুর নাম তালিকা থেকে সম্পূর্ণভাবে সরিয়ে ফেলা হয়।

বাবা-মায়েদেরকে একটা চিঠি দেওয়া হবে এটা জানানোর জন্য যে তাদের শিশুদের নাম CPNS এ লিপিবদ্ধ আছে। কোন শিশু 'শিশু সুরক্ষা পরিকল্পনা'র অংশ হিসেবে থাকলে এবং তার নাম 'সক্রিয়' হিসেবে লিপিবদ্ধ থাকলে সেক্ষেত্রে এই পরিকল্পনা যে কাজ করছে তা নিশ্চিত করতে অবশ্যই পরবর্তী ছয় মাসের মধ্যে পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হতে হবে। এই পর্যালোচনা বৈঠকের উদ্দেশ্য হচ্ছে শিশুর ঝুঁকি কমছে কিনা এবং তার আরও সহায়তার দরকার কিনা তা নির্ধারণ করা।

পর্যালোচনা বৈঠকে যদি সিদ্ধান্ত হয় যে শিশুটি আর ঝুঁকির মধ্যে নেই সেক্ষেত্রে CPNS এ তার স্ট্যাটাস 'নিষ্ক্রিয়' করতে হবে এ ব্যাপারে তার পিতামাতাকে চিঠি দিয়ে জানাতে হবে
।

আরও বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুনঃ

শিশু সুরক্ষা কনফারেন্স

বাবা-মায়েদের জন্য তথ্যাদি

TUSLA
An Ghníomhaireacht um Leanaí agus an Teaghlach
Child and Family Agency

Bengali

শিশু ও পরিবার সংস্থা কি করে?

টুসলা- একটি শিশু ও পরিবার সংস্থা। শিশুদেরকে দেখাশুনা এবং তাদেরকে অনিষ্ট থেকে নিরাপদে রাখার বিষয়টি নিশ্চিত করতেই সংস্থাটি পরিবারের সঙ্গে কাজ করে। আমরা উপলব্ধি করি যে বাবা মায়েরা অনেক শক্ত চ্যালেঞ্জ মোকাবেলা করে থাকে এবং সন্তানদের জন্য এই দায়িত্ব পালনের কাজটি সবসময় সহজ নয়। যে কোন কারণে হোক, কোন পিতা-মাতা তাদের শিশু সন্তানদের দেখাশোনার দায়িত্ব সঠিকভাবে পালন করতে না পারলে আমরা তাদেরকে বিভিন্ন ধরণের সহায়তা দিয়ে থাকি। এ ব্যাপারে আমরা *'চিলড্রেন ফার্স্ট'*- জাতীয় নির্দেশিকা অনুসরণ করি যেখানে উল্লেখ করা আছে যেসব শিশু ক্ষতির ঝুঁকির মুখে আছে তাদেরকে সহায়তা করতে কি করতে হবে। আমাদের কাছে শিশু সুরক্ষা কনফারেন্সের নির্দেশিকাও থাকে।

শিশু সুরক্ষা কনফারেন্স কি?

যখন আমরা একটি শিশুর নিরাপত্তা নিয়ে শংকিত থাকি, তখন আমরা শিশুর বাবা-মা, শিক্ষক এবং ঐ শিশুর জীবনের সঙ্গে জড়িত অন্যান্য ব্যক্তিদের সঙ্গে শিশুর বিষয়ে আরও তথ্য জানতে কথা বলি। আমরা যদি মনে করি যে শিশুটি উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকির মধ্যে থাকতে পারে সেক্ষেত্রে আমরা একটা বৈঠক ডাকতে পারি এটাই হচ্ছে 'চাইল্ড প্রোটেকশন কনফারেন্স' বা 'শিশু সুরক্ষা কনফারেন্স'। শিশুর কি প্রয়োজন, শিশু কোন দুর্ব্যবহার বা অবহেলার ঝুঁকির মধ্যে আছে কি নেই -তা জানতে 'শিশু সুরক্ষা কনফারেন্স' শিশুর জীবনের সঙ্গে জড়িত প্রত্যেককে সহায়তা করে। এ ছাড়া শিশুর প্রয়োজনীয়তা মেটাতে এবং তার ঝুঁকির মাত্রা হ্রাস করতে একত্রে একটি পরিকল্পনা প্রণয়নেও এটি সাহায্য করে থাকে। উল্লেখযোগ্য ক্ষতি বলতে বলা যায় কোন একটি একক ঘটনা (মারধোর) অথবা ধারাবাহিক ঘটনাসমূহ (অবহেলা), যেগুলি শিশুর বিকাশ, তার কল্যাণকে বাধাগ্রস্ত, পরিবর্তন বা ক্ষতিগ্রস্ত করে।

কনফারেন্সে কারা উপস্থিত থাকেন?

সাধারণতঃ শিশুর পিতামাতাই শিশু সুরক্ষা কনফারেন্সে অংশ নেন এবং শিশুকে সম্ভব হলে এই কনফারেন্সে উপস্থিত থেকে এতে অংশ নিতে আমন্ত্রণ জানানো হয় অথবা বৈঠকের পূর্বে একজন সোস্যাল ওয়ার্কার বা সমাজকর্মীর সঙ্গে তাকে দেখা করানো হয়। কিছু শিশু চিঠি লেখে, যেটি বৈঠকে পড়ে শোনানো হয়।

বাবা মায়েরাও তাদের সাহায্যের জন্য কাউকে সঙ্গে নিতে পারেন। যেহেতু ব্যক্তিগত বা একান্ত নিজস্ব তথ্যাদি প্রায়ই এ ধরণের বৈঠকে আলোচিত হয় তাই বাবা মায়েরা সঙ্গে যাদেরকে আনবেন তাদেরকে বিশ্বস্ত হতে হবে এবং বৈঠকে তারা যা শুনবেন তা যেন তারা নিজেদের মধ্যেই রাখেন। বাবা-মায়েরা তাদের সঙ্গে যাদেরকে সহায়তার জন্য কাউকে নিয়ে আসতে চাইলে সেটি সমাজকর্মীকে জানাতে হবে এবং তার নামটি তাঁকে দিতে হবে। সহায়তাদানকারী ব্যক্তি কনফারেন্সে কোন নীতি নির্ধারণী বিষয়ে অংশ নিতে পারবেন না বা শিশুর বাবা মায়ের পরিবর্ত হিসেবে অংশ নিতে পারবেন না।

যদি কোন বাবা বা মা কনফারেন্সে অংশ না নেন সেক্ষেত্রে তার মতামতটি যত বেশী সম্ভব আলোচনা করতে হবে। কোন কোন সময় বাবা-মা চিঠি লেখেন যেটি কনফারেন্সে পড়ে শোনানো যেতে পারে।

সাধারণতঃ শিশুর পক্ষে সোস্যাল ওয়ার্কার, একজন সোস্যাল ওয়ার্কার ম্যানেজার এবং একজন বিবরণী লিপিবদ্ধকারী উপস্থিত থাকেন। একজন প্রশিক্ষিত কনফারেন্স চেয়ারপার্সন বৈঠকের মূল দায়িত্ব নেন। সাধারণতঃ শিক্ষক, জনস্বাস্থ্য সেবিকা, পারিবারিক চিকিৎসক, গার্দা বা পরিবারের সঙ্গে কাজ করছেন অন্য কোন পেশা থেকে একজন ব্যক্তিকে এই কনফারেন্সে উপস্থিত থাকতে আমন্ত্রণ জানানো হয়।

যদি শিশুর জীবনের সঙ্গে সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ কেউ এই কনফারেন্সে অংশ নিতে অক্ষম হন, সেক্ষেত্রে তাদেরকে এই বৈঠকে একটি রিপোর্ট পাঠাতে বলা হয়। কনফারেন্সের দিন শিশুর বাবা-মা সংশ্লিষ্ট রিপোর্টের একটি কপি পেয়ে থাকেন। রিপোর্টের লেখককে কনফারেন্সের আগে শিশুর পিতামাতার সঙ্গে কথা বলতে বিশেষভাবে উপদেশ দেওয়া হয় যাতে ওই দিন তাঁরা নতুন কোন তথ্য না শোনেন।

কনফারেন্সে কি সিদ্ধান্ত নেওয়া হতে পারে?

বৈঠকে, আমরা শিশুর জীবনের সঙ্গে সংশ্লিষ্ট প্রত্যেকের মতামত শুনবো। এর ফলে আমরা জানতে পারবো শিশু নিরাপদ কি না, তার প্রতি যত্ন নেওয়া হচ্ছে কি না বা তার প্রয়োজনীয়তাসমূহ মেটানো হচ্ছে কি না। আমরা শিশুর যে কোন ঝুঁকির বিষয়েও কথা বলবো। বাবা-মায়েরা তাদের শিশুদের সম্পর্কে সবচেয়ে ভালো জানে, কাজেই আমরা চেষ্টা করবো যাতে করে সম্ভাব্য সহজতম উপায়ে তাঁরা আমাদের সঙ্গে তাদের সন্তানদের সম্পর্কে মত বিনিময় করতে পারেন। কেউ কেউ বৈঠকে উপস্থিত হওয়ার পাশাপাশি চিঠি দিয়ে এটা করে থাকেন। আমরা শিশুর মতামতও মনযোগ সহকারে শুনে থাকি। উন্মুক্ত, সৎ ও যথেষ্ট শ্রদ্ধা সহকারে এই কনফারেন্সের আয়োজন করা হয়।

বাবা-মা সহ কনফারেন্সের সকলের সব ধরণের মতামত ও রিপোর্ট শুনে উপস্থিত পেশাজীবিদের কাছে জানতে চাওয়া হবে যে শিশুটি চলমান উল্লেখযোগ্য ক্ষতি জনিত ঝুঁকির মধ্যে আছে এটি তারা মনে করেন কি না। কনফারেন্সে উপস্থিত সকলের মধ্যে বিনিময় হওয়া মতামতসমূহ বিবেচনায় নেওয়া হয় এবং এ ক্ষেত্রে চেয়ারপার্সন চূড়ান্ত সিদ্ধান্ত দিতে না পারলে এবং সব মতামত ও মতভেদ নোট নেওয়া হলে সিদ্ধান্তসমূহ সাধারনতঃ বাস্তবসম্মত মতৈক্যের ওপর ভিত্তি করেই নেওয়া হয়।